



তথ্যবিবরণী

নম্বর- ১১৮

## রাজশাহীতে ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপিত

রাজশাহী; ১৮ অগ্রহায়ণ (০৩ ডিসেম্বর):

আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর) সকাল এগারোটায় রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ৩৩তম আন্তর্জাতিক এবং ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য—‘অন্তর্ভুক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বিনির্মাণ বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ’। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার।

প্রধান অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক বলেন, প্রতিবন্ধীদেরকে সৃষ্টিকর্তাই পৃথিবীতে পাঠিয়েছেন, এখানে মানুষের কোনো হাত নেই। পৃথিবীর সর্বশ্রেষ্ঠ জীব হিসেবে আমাদের দায়িত্ব হলো সব মানুষকে সমান মর্যাদা দেয়া। প্রতিবন্ধীদেরকে অবজ্ঞা নয় বরং সামাজিকভাবে শ্রদ্ধার দৃষ্টিতে দেখা আমাদের দায়িত্ব।

প্রতিবন্ধীদের কর্মদক্ষতা ও প্রতিভাকে যথাযথভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করে আফিয়া আখতার বলেন, যে যে বিষয়ে পারদর্শী তাকে সেই ক্ষেত্রে কাজে লাগাতে হবে। প্রতিবন্ধী জনগোষ্ঠী সৃষ্টিকর্তার আমানত, আমানত যেভাবে রাখতে হয় তাদেরও সে ভাবেই রাখতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত প্রতিবন্ধীদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা সমাজের পিছিয়ে পড়া কেউ নন। আমরা প্রত্যেকেই এই দেশ, জাতি ও সমাজের গুরুত্বপূর্ণ অংশ।

প্রতিবন্ধী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্টদের সচেতন থাকার নির্দেশনা দিয়ে জেলা প্রশাসক বলেন, প্রতিবন্ধী ভাতার টাকা যেন উপকারভোগীরা সময়মত পান সেটার ব্যবস্থা করতে হবে কারণ এই ভাতা আত্মসাতের চেষ্টা করছে অনেকেই। প্রতিবন্ধী ভাতা অতি সামান্য, এটি দিয়ে তেমন কিছুই হয় না। কিন্তু সরকার আপনাদের কথা মনে রেখেছে এবং সবসময় আপনাদের পাশে আছে। এসময় সরকার থেকে যদি প্রতিবন্ধী-ভাতা বৃদ্ধির বিষয়ে প্রস্তাব আসে তাহলে ভাতা বৃদ্ধির পক্ষে কাজ করবেন বলে তিনি জানান।

আলোচনা সভার পূর্বে দিবসটি উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

রাজশাহী জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক মোসা: হাসিনা মমতাজ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ) উম্মে কুলসুম সম্পা, রাজশাহীর ডেপুটি সিভিল সার্জন ডা. মাহবুবা খাতুন, বিভাগীয় সমাজ সেবা কার্যালয়ের উপপরিচালক মনিরা খাতুন। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী, প্রতিবন্ধীসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৪/১৪:৫০ ঘ.